মুজিবনগরে ব্র্যাকের দৌরাত্মে অতিষ্ঠ গ্রাহকরা

মেহেরপুরের মুজিবনগরে ব্র্যাক এনজিও’র দৌরাত্মে অতিষ্ঠ হয়ে পড়েছে গ্রাহকরা। চলমান করোনা পরিস্থিতিতে এক দিকে যেমন আয় রোজগার কমে গিয়ে মানবেতর জীবন কাটাচ্ছে অন্য দিকে এনজিও গুলোর দৌরাত্মে চোখের ঘুম হারাম হয়ে গেছে খেটে খাওয়া মানুষের।

আগামী ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কিস্তি আদায়ে সরকারি নিষেধাজ্ঞা থাকা সত্ত্বেও মুজিবনগরে জোর পূর্বক গ্রাহকদের কাছ থেকে কিস্তি আদায় করছে ব্র্যাক অফিস। জোরপূর্বক কিস্তি আদায় না করার বিষয়ে সরকারের সিদ্ধান্ত তোয়াক্কা না করে কিস্তি আদায়ে বেপরোয়া হয়ে উঠেছেন ব্রাকসহ অধিকাংশ এনজিও সংস্থা। এরই মধ্যে কিস্তির টাকা আদায় নিয়ে গ্রাহকের সঙ্গে ব্র্যাক কর্মির উগ্র আচরণ ও ঝগড়া- বিবাদের ঘটনা ঘটেছে।

গৌরিনগর গ্রামের সাবিরিন রহমান একটি কম্পিউটার ল্যাব দেওয়ার জন্য কয়েকমাস আগে তার খালার নামে ব্র্যাকের কাছ থেকে লোন নেয়। কিন্তু করোনার কারনে তার প্রতিষ্ঠান বন্ধ থাকায় সে কিস্তি দিতে ব্যার্থ হয়ে পরে। কিন্তু ব্র্যাক অফিসের টিটো নামের এক মাঠকর্মি তাকে কিস্তি দিতে জোর করে এবং তার খালার কাছে কিস্তি দেওয়ার জন্য চাপ দিতে থাকে। পরে সাবিরিন রহমান কোন উপায় না পেয়ে উপজেলা নির্বাহী অফিসারের অফিসে এসে সকল বিষয় জানান।

ঘটনা শোনার পর উপজেলা নির্বাহী অফিসার ব্র্যাকের ম্যানাজারের সাথে কথা বলে। সরকারের নির্দেশ অমান্য করে জোর পূর্বক কিস্তি আদায় না করতে শেষ বারের মত সতর্ক করে দেন। পরবর্তিতে এরকম অভিযোগ পেলে আইননানুগ ব্যাবস্থা গ্রহন করা হবে বলেও ম্যানাজারকে জানান, এছাড়া ব্র্যাকের মত মুজিবনগরে বিভিন্ন এনজিও কর্মিরা গ্রাহকদের কাছ থেকে কিস্তি দিতে বিভিন্ন ভাবে চাপ দিয়ে আসছে।

যা ৩০ সেপ্টেম্বর পর্যন্ত কাউকে কিস্তির জন্য জোর করা যাবে না এবং ঋণখেলাপি করা যাবে না উল্লেখ করে গত ২৩ জুন সংক্রান্ত প্রজ্ঞাপন জারি করে লাইসেন্সপ্রাপ্ত সব ক্ষুদ্রঋণ প্রতিষ্ঠানের প্রধান নির্বাহী কর্মকর্তার কাছে চিঠি পাঠিয়েছে মাইক্রোক্রেডিট রেগুলেটরি অথরিটি (এমআরএ)।

এই প্রজ্ঞাপনে বলা হয়, করোনাভাইরাসের প্রাদুর্ভাবের কারণে সৃষ্ট পরিস্থিতিতে ঋণগ্রহীতাদের আর্থিক অক্ষমতার কারণে ক্ষুদ্রঋণের কিস্তি অপরিশোধিত থাকলেও তাদের আর্থিক অবস্থা বিবেচনায় ৩০ সেপ্টেম্বর প্রযন্ত কিস্তি বা ঋণকে বকেয়া বা খেলাপি দেখানো যাবে না।

সার্কুলারে আরো বলা হয়, গ্রাহক নিজ ইচ্ছায় ঋণের কিস্তি পরিশোধ করলে নিতে বাধা থাকবে না। কিস্তি পরিশোধের কারণে ঋণের মানের উন্নতি হলে তা করা যাবে। একই সঙ্গে কোনো প্রতিষ্ঠান যদি নতুন করে কাউকে ঋণ দিতে চায় সেটা দিতে পারবে।

তারপরও কোন নিয়ম নিতি মানছেই না অধিকাংশ এনজিও প্রতিষ্ঠান। প্রজ্ঞাপনের ভুল ব্যাখ্যা দিয়ে মুজিবনগরের বিভিন্ন এলাকায় ক্ষুদ্র ঋণগ্রহীতাদের কাছ থেকে কিস্তি আদায় করা হয়। সেই সঙ্গে কিস্তি পরিশোধে বাধ্য করা হচ্ছে।

কিস্তি আদায়ের বিষয়ে উপজেলা নির্বাহী অফিসারের কাছে জানতে চাইলে তিনি বলেন, কিস্তি আদায়ে কোন গ্রাহকদের কাছে কোন প্রকার জোর করতে সরকারী নিশেধাঙ্গা আছে। তারপরও কিছু এনজিও সংস্থা কিস্তির জন্য গ্রাহকদের জোর করছে এমন কয়েকটা অভিযোগ আমার কাছে এসেছে। আমি সকল এনজিও কর্মকর্তাদের সতর্ক করে দিয়েছি। পরবর্তিততে এরকম অভিযোগ আসলে অভিযুক্ত এনজিও সংস্থার বিরুদ্ধে আইনগত ব্যাবস্থা গ্রহন করা হবে।

মেহেরপুরে মেয়াদ উত্তীর্ণ পণ্য রাখার দায়ে দোকান সিলগালা ও জরিমানা আদায়

মেহেরপুর কলেজ মোড় এলাকায় ভ্রাম্যমাণ আদালত চালিয়ে দুইটি দোকান থেকে সাত হাজার ও একটি দোকান সিলগালা করা হয়।

মঙ্গলবার দুপুরে মেহেরপুর জেলা প্রশাসনের উদ্যোগে সহকারী

কমিশনার ও নির্বাহী ম্যাজিস্ট্রেট রাকিবুল ইসলামের নেতৃত্বে ভ্রাম্যমাণ আদালত পরিচালনা করা হয়।

মেহেরপুর শহরের কলেজ মোড় এলাকায় গুরুদেব হোমিও হলের পাশে, নাইম স্টোর ও এস.এম.কে আজমাইন কসমেটিক্স ফুড এন্ড টেলিকমে এই অভিযান পরিচালনা করা হয়।

এ সময় দোকান দুটি থেকে বিপুল পরিমাণ মেয়াদ উত্তীর্ণ কোমলপানীয় সহ বিভিন্ন ধরনের খাদ্য সামগ্রী উদ্ধার করে। একই সাথে উদ্ধারকৃত মেয়াদ উত্তীর্ণ কোমল পানীয় সহ অন্যান্য খাদ্য সামগ্রী আগুনে পুড়িয়ে বিনষ্ট করা হয় এবং এস.এম.কে আজমাইন কসমেটিক্স ফুড এন্ড টেলিকম কে সিলগালা করে দেওয়া হয়।

নির্বাহী ম্যাজিস্ট্রেট রকিবুল ইসলাম জানান, বেশ কিছু দিন থেকে আমাদের কাছে খবর আসছে ওই সব দোকানে মেয়াদ উত্তীর্ণ মালামাল বিক্রয় করা হচ্ছে ।

তিনি আরও বলেন, এস এম কে আজমাইন কসমেটিক্স ফুড এন্ড টেলিকম দোকানটিতে ১০০% এর মধ্যে ৬০% মালামাল মেয়াদ উত্তীর্ণ। মেয়াদ উত্তীর্ণের এক বছর পেরিয়ে গেলেও দেদারছে বিক্রি হচ্ছে এসব মামামাল। যেখানে প্রতিনিয়ত মিডিয়াতে প্রচার হচ্ছে মেয়াদ উত্তীর্ণ যে কোন দ্রব্য সামগ্রী মানব দেহের জন্য ক্ষতি কর। আর এখানে তো অধিকাংশই স্কুলের ছোট ছোট ছাত্র-ছাত্রী যারা বোঝেই না দ্রব্যের মেয়াদ উত্তীর্ণ কি, কেন দেওয়া হয় মেয়াদ। তারা নিয়মিত এই দোকান থেকে এই মেয়াদ উত্তীর্ণ দ্রব্য সামগ্রী ক্রয় করে থাকে।

তাই ভোক্তা অধিকার সংরক্ষণ আইন ২০০৯ এর ৫১ ও ৫৩ ধারায় নাঈম স্টোরকে ২ হাজার টাকা এবং এস এম কে আজমাইন কসমেটিক্স ফুড এন্ড টেলিকমের মালিক কে ৫ হাজার সহ দোকানটি সিলগালা করে দেওয়া হয়।

ইউনাইটেডে অগ্নিকাণ্ড: ৪

পরিবারকে ক্ষতিপূরণের আদেশ স্থগিত

ইউনাইটেড হাসপাতালে অগ্নিকাণ্ডে মৃত্যুর ঘটনায় ক্ষতিগ্রস্ত চার পরিবারকে ১৫ দিনের মধ্যে ৩০ লাখ টাকা করে দিতে হাইকোর্টের দেওয়া আদেশ স্থগিত করা হয়েছে। আপিল বিভাগের চেম্বার আদালত আগামী ১৬ আগস্ট পর্যন্ত ওই আদেশ স্থগিত করেছেন।

ইউনাইটেড হাসপাতাল কর্তৃপক্ষের আবেদনের শুনানি নিয়ে মঙ্গলবার আপিল বিভাগের ভার্চ্যুয়াল চেম্বার আদালতের বিচারপতি মো. নূরুজ্জামান এই আদেশ দেন।

একই সঙ্গে এ সংক্রান্ত রিট পূর্ণাঙ্গ বেঞ্চে শুনানির জন্য পাঠানোর আদেশ দেন তিনি।
এর আগে ১৫ জুলাই বিচারপতি এম ইনায়েতুর রহিমের ভার্চ্যুয়াল হাইকোর্ট বেঞ্চ ক্ষতিপূরণের ওই আদেশ দিয়েছিলেন।

ভার্চ্যুয়াল শুনানিতে রিট আবেদনের পক্ষে ছিলেন জ্যেষ্ঠ আইনজীবী এ এম আমিন উদ্দিন। সঙ্গে ছিলেন ব্যারিস্টার অনীক আর হক, ব্যারিস্টার হাসান এম এস আজিম, ব্যারিস্টার মুনতাসির আহমেদ ও রিটকারী নিয়াজ মুহাম্মদ মাহবুব ও সাহিদা সুলতানা শিলা।

ইউনাইটেড হাসপাতালের পক্ষে ছিলেন ব্যারিস্টার রোকন উদ্দিন মাহমুদ, মোস্তাফিজুর রহমান খান ও তানজীব উল আলম।

গত ৩০ মে রিট আবেদনটি দায়ের করেন ব্যারিস্টার নিয়াজ মুহাম্মদ মাহবুব। ১ জুন আরও একটি রিট করেন সুপ্রিম কোর্টের আইনজীবী ব্যারিস্টার রেদোয়ান আহমেদ রাজীব ও ব্যারিস্টার হামিদুল মিসবাহ। পরে গত ২ জুন বিভিন্ন কর্তৃপক্ষের কাছে ১৪ জুনের মধ্যে আলাদা প্রতিবেদন চেয়েছিলেন হাইকোর্ট। সে অনুসারে প্রতিবেদন দাখিল করা হয়।

পুলিশের দেওয়া প্রতিবেদনে ইউনাইটেড হাসপাতালের গাফিলতির কথা রয়েছে। রাজউক বলছে, করোনার জন্য আলাদা করে আইসেলেশন ইউনিট করতে তাদের অনুমতি দেওয়া হয়নি। অন্যদিকে ফায়ার সার্ভিস বলছে, অগ্নিকাণ্ডের সময় হাসপাতাল কর্তৃপক্ষ কার্যকর পদক্ষেপ নিলে রোগীদের মৃত্যু রোধ করা সম্ভব হতো।

এরপর আদালত ২৯ জুন সমঝোতা করতে আদেশ দিয়েছিলেন। তবে অবহেলাজনিত মৃত্যুর অভিযোগের মামলার তদন্তও দ্রুত সম্পন্ন করতে বলেছিলেন।

গত ২৮ মে ইউনাইটেড হাসপাতালের চিফ অব কমিউনিকেশনস অ্যান্ড বিজনেস ডেভেলপমেন্ট ডা. সাগুফা আনোয়ারের পাঠানো বার্তায় নিহত পাঁচজনের পরিচয় শনাক্ত করা হয়। নিহতদের মধ্যে চারজন পুরুষ ও একজন নারী। তারা হলেন- রিয়াজুল আলম (৪৫), খোদেজা বেগম (৭০), ভেরুন অ্যান্থনি পল (৭৪), মো. মনির হোসেন (৭৫) ও মো. মাহবুব (৫০)।

হাসপাতাল কর্তৃপক্ষ জানায়, গত ২৮ মে বুধবার আনুমানিক রাত সাড়ে ৯টার দিকে মূল ভবনের বাইরে হাসপাতাল সংলগ্ন করোনা আইসোলেশন ইউনিটে সম্ভবত বৈদ্যুতিক শর্টসার্কিটের মাধ্যমে অগ্নিকাণ্ডের ঘটনা ঘটে। কয়েক মিনিটের মধ্যেই আগুন আইসোলেশন ইউনিটের সর্বত্র ছড়িয়ে পড়ে। সে সময় আবহাওয়া খারাপ ছিল ও বিদ্যুৎ চমকাচ্ছিল। বাতাসের তীব্রতায় আগুন দ্রুত ছড়িয়ে পড়ায় দুর্ভাগ্যজনকভাবে সেখানে ভর্তি পাঁচজন রোগীকে বাইরে বের করা সম্ভব হয়নি। তারা ভেতরেই মারা যান। আইসোলেশন ইউনিটের পাঁচজনই করোনা উপসর্গ নিয়ে ভর্তি ছিলেন।

এ ঘটনায় ইউনাইটেড হাসপাতাল কর্তৃপক্ষ অপমৃত্যুর মামলা করলেও আগুনে নিহত ভেরুন অ্যান্থনি পলের পরিবার ইউনাইটেড হাসপাতালের বিরুদ্ধে ‘অবহেলাজনিত মৃত্যুর অভিযোগে’ মামলা করেন।

মামলায় ইউনাইটেড হাসপাতালের চেয়ারম্যান, ব্যবস্থাপনা পরিচালক (এমডি), প্রধান নির্বাহী কর্মকর্তা (সিইও), পরিচালক, করোনা ইউনিটে সে সময় কর্মরত ডাক্তার-নার্স, সেফটি ও সিকিউরিটি কর্মকর্তাদের আসামি করা হয়।

সূত্র- বিডি প্রতিদিন

৮ মাস পেছালো ওয়ানডে বিশ্বকাপ

করোনার মহামারিতে লন্ডভন্ড পুরো বিশ্ব। এর প্রভাব পড়েছে ক্রীড়া জগতেও। করোনার কারণে ২০২৩ ওয়ানডে বিশ্বকাপ আট মাস পিছিয়েছে।

ইন্টারন্যাশনাল ক্রিকেট কাউন্সিল (আইসিসি) সোমবার এক বৈঠকে বিষয়টি চূড়ান্ত করেছে।

২০২৩ সালে ভারতের মাটিতে হবে ওয়ানডে বিশ্বকাপ। পূর্বের সূচি অনুযায়ী হচ্ছে না পঞ্চাশ ওভারের এ টুর্নামেন্ট। আইসিসির নতুন সূচি অনুযায়ী অক্টোবরে শুরু হবে বিশ্বকাপ। ২৬ নভেম্বর হবে টুর্নামেন্টের ফাইনাল। এর আগে ৯ ফেব্রুয়ারি থেকে ২৬ মার্চ পর্যন্ত টুর্নামেন্টটি অনুষ্ঠিত হওয়ার কথা ছিল।

আইসিসির এই বৈঠকে উপস্থিত ছিল আইবিসির (দ্য কমার্সিয়াল সাবসিডিয়ারি অব দ্য আইসিসি) প্রতিনিধিরা।

সূত্র- বিডি প্রতিদিন

অনন্য উচ্চতায় রোনালদো, গড়লেন ‘বিরল রেকর্ড’

জোড়া গোল করে সেরি আর ম্যাচে লাৎসিওর বিপক্ষে দলকে জয় এনে দেওয়ার পাশাপাশি দারুণ কিছু কীর্তি গড়েছেন জুভেন্টাস তারকা ক্রিশ্চিয়ানো রোনালদো। তবে এসব রেকর্ডকে পাত্তা দিচ্ছেন না পর্তুগিজ ফরোয়ার্ড। তার দৃষ্টিতে ‘জয়টাই গুরুত্বপূর্ণ’।

লিগে টানা তিন ম্যাচ জয়হীন থাকার পর নিজেদের মাঠে সোমবার রাতে লাৎসিওকে ২-১ গোলে হারায় জুভেন্টাস। গোলশূন্য প্রথমার্ধের পর দ্বিতীয়ার্ধে স্বাগতিক দলের দুটি গোলই করেন রোনালদো।

এই নিয়ে চলতি সেরি আয় রোনালদোর গোলসংখ্যা দাঁড়াল ৫১টি। তাতে নিজেকে আরও উচ্চতায় নিয়ে গেছেন পাঁচবার ব্যালন ডি’অর জেতা এই ফুটবলার। প্রথম ফুটবলার হিসেবে ইংলিশ প্রিমিয়ার লিগ, লা লিগা ও ইতালিয়ান সেরি আয় ৫০ গোলের বিরল নজির গড়েছেন তিনি।
দুই বছর আগে রিয়াল মাদ্রিদ ছেড়ে জুভেন্টাসে নাম লেখান রোনালদো। এই জোড়া গোলে ক্লাবটির হয়ে ইতালির শীর্ষে লিগে তার গোল সংখ্যা দাঁড়িয়েছে ৫১টি।

সূত্র- বিডি প্রতিদিন

‘আমি বেঁচে থাকতে সমিতিতে টোকা দেবে এমন কেউ জন্মায়নি’

‘আমি ডিপজল জীবিত থাকা অবস্থায় শিল্পী সমিতিতে টোকা দেবে তেমন কেউ বাংলাদেশে জন্মায়নি। শিল্পী সমিতির কোনো সদস্য বাদ পড়ে থাকলে নিজেরা বসে তা সমাধান করুন। আমাদের সরায়েন না। মিশা-জায়েদ আপনাদের পাশে থাকবে। আমার মনে হয় না ওরা কোথাও ত্রুটি করেছে।’

গত রবিবার সন্ধ্যায় বিএফডিসির ভিআইপি প্রজেকশন হলে অনুষ্ঠিত সংবাদ সম্মেলন এমন হুঙ্কার ছাড়লেন ঢাকাই ছবির খল চরিত্রের জনপ্রিয় অভিনেতা-প্রযোজক মনোয়ার হোসেন ডিপজল। সমিতির সভাপতি মিশা সওদাগর ও সাধারণ সম্পাদক জায়েদ খানকে চলচ্চিত্রের ১৮ সংগঠনের বয়কটের ষোষণার পর এমন কঠিন হুঁশিয়ারি দিলেন ডিপজল।

মিশা-জায়েদকে বয়কট করার বিষয়টিকে ষড়যন্ত্র বলে দাবি করে তিনি আরও বলেন, সামনে ঈদ। এই ঈদে যাতে শিল্পী সমিতি কিছু না করতে পারে তারই ষড়যন্ত্র করা হয়েছে। এ সংগঠনে অনন্ত জলিল টাকা দিয়েছে, কাঞ্চন ভাই টাকা দিয়েছেন। আমিও সব সময় আছি এই সংগঠনের পাশে।’

সূত্র- বিডি-প্রতিদিন

শুটিং শেষ হলে নায়ক-নায়িকাদের জাঁকাল পোশাকগুলোর কী হয়?

ছবির পর্দায় তারকাদের নানা রকম ফ্যশনেবল জাঁকাল পোশাক পরতে দেখা যায়। এক একটি পোশাকের জন্য তাবড় তাবড় ডিজাইনারের মস্তিষ্ক

থাকে। অনেক ছবির নায়ক বা নায়িকার পোশাক আবার ফ্যাশনে ট্রেন্ড হয়ে যায়।

যেমন এক সময়ে বান্টি বাবলি স্যুট ফ্যাশনে ইন হয়। জব উই মেট ছবিতে করিনা কাপুরের হারেম প্যান্ট রীতিমতো ফ্যাশন দুনিয়ায় ঝড় তুলেছিল। কিন্তু ছবিতে তারা যে পোশাকগুলো পরেন, সেগুলো শুটিং শেষ হলে কোথায় যায়। শুধু ফ্যাশনেবল পোশাক নয়। বিভিন্ন চরিত্রের জন্য বিভিন্ন রকমের পোশাক বরাদ্দ থাকে। সেই পোশাক অন্য ছবিতে রিপিট করতেও দেখা যায় না। তাহলে যায় কোথায় সেই পোশাকগুলো।

এক সর্বভারতীয় সংবাদমাধ্যমের প্রতিবেদন থেকে এই রহস্যের সমাধান হয়েছে বেশ কিছুটা। জানা যাচ্ছে,

১)সব কস্টিউম সমান নয়। কিছু পোশাক দিব্য চলে দৈনন্দিনে। সাধারণ পোশাকগুলো রিপিট করা হয়। যেমন ডেনিম প্যান্ট বা কোনও সলিড রঙের টিশার্ট জাতীয় পোশাক। কিছু একেবারে চিত্রনাট্যের আবদার মেনেই বানানো। কিছু আবার এতটাই চোখে পড়ার মতো যে, তাদের বাক্সবন্দি হয়েই থেকে যাওয়া ছাড়া গতি থাকে না।

২) ছবির শুটিং শেষ হলে প্রোডাকশন হাউস কস্টিউমগুলোকে বাক্সবন্দি করে। পরে অন্য কোনও প্রোডাকশনেও তা কাজে লাগানো হয় অনেক সময়ে।

৩) কোনও কোনও কস্টিউম অভিনেতারা পছন্দ করে সেটা কিনে নেন। কখনও আবার ডিজাইনার নিজে তার ডিজাইন করা পোশাকটিই নিয়ে নেন। ছবি হিট হলে ডিজাইনার সেই পোশাককে তার বিজ্ঞাপন হিসেবে ব্যবহার করেন।

৪) তবে সিরিয়ালের ক্ষেত্রে বিষয়টা একটু অন্যরকম। সিরিয়ালে বেশির ভাগ ক্ষেত্রে শাড়ি লেহেঙ্গা ইত্যাদি পরেন অভিনেতারা। সেই পোশাকগুলো রিসাইকলড হতেই থাকে। অন্য ধারাবহিকেও পরেন অভিনেতারা।

সূত্র : কলকাতা ২৪x৭।

দেশে গত ২৪ ঘণ্টায় করোনায় আরও ৪১ জনের মৃত্যু

বাংলাদেশে মহামারী করোনাভাইরাসে আক্রান্ত হয়ে গত ২৪ ঘণ্টায় আরও ৪১ জনের মৃত্যু হয়েছে। এতে করোনা মৃতের সংখ্যা বেড়ে দাঁড়াল দুই হাজার ৭০৯ জনে।

আজ মঙ্গলবার দুপুরে স্বাস্থ্য অধিদফতরের করোনাভাইরাস বিষয়ক নিয়মিত অনলাইন স্বাস্থ্য বুলেটিনে এসব তথ্য জানান অধিদফতরের অতিরিক্ত মহাপরিচালক অধ্যাপক ডা. নাসিমা সুলতানা।

গত ২৪ ঘণ্টায় মারা যাওয়া ব্যক্তিদের মধ্যে ঢাকা ও চট্টগ্রাম বিভাগে সর্বোচ্চ সংখ্যক ব্যক্তির মৃত্যু হয়েছে করোনায়। দুই বিভাগেই ১৫ জন করে মোট ৩০ জন মারা গেছেন। দেশে গত ২৪ ঘণ্টায় নতুন করে করোনাভাইরাসে আক্রান্ত হয়েছেন ৩ হাজার ৫৭ জন।

সূত্র- বিডি প্রতিদিন

এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার উদ্যোগে প্রতিষ্ঠাবার্ষিকীতে নানান আয়োজন

আর্তমানবতার সেবায় নিবেদিত আন্তর্জাতিক স্বেচ্ছাসেবী সংগঠন এপেক্স ক্লাব অব বাংলাদেশ তার গৌরবের নিয়মিত পথ চলার ৬০ বছরে পদার্পণ করেছে। ১৯৬১ সালের এই দিনে এপেক্স অস্ট্রেলিয়ার জোন ১০ এর অধীন তৎকালীন পশ্চিম পাকিস্তানের করাচী এপেক্স ক্লাবের সহযোগিতায় ঢাকার শাহবাগ হোটেলে আনুষ্ঠানিকভাবে বাংলাদেশে এপেক্স আন্দোলনের যাত্রা শুরু হয়। দেখতে দেখতে এপেক্স ক্লাব অব বাংলাদেশ ৫৯টি বছর পার করে ৬০ বছরে পা রাখতে সক্ষম হয়েছে।

এই উপলক্ষে এপেক্স ক্লাব অব কুষ্টিয়ার পক্ষ থেকে বৃক্ষরোপন,

গাংনীতে ভাংড়ি ব্যবসায়ীর স্ত্রীকে যৌন নিপীড়নের অভিযোগ

মেহেরপুরের গাংনী উপজেলার হোগোল বাড়িয়া গ্রামে এক ভাংড়ি ব্যবসায়ীর স্ত্রীকে জোর পুর্বক যৌন নিপীড়নের অভিযোগ উঠেছে। সোমবার সকালে যৌন নিপীড়ক উসমানের বিরুদ্ধে গাংনী থানায় অভিযোগ দায়ের করেন ভুক্তভোগী ওই নারী।

জানাগেছে, গত রবিবার রাত ৮ টার সময় গোগলবাড়িয়া গ্রামের হির পাড়ার এক দিনমজুর ভাংড়ি ব্যবাসীয়র স্ত্রী তার নিজ ঘরে বসে হাতুড়ি দিয়ে লোহা ভাঙ্গা ও ভাংড়ি ভাছাইয়ের কাজ করছিলেন। এসময় প্রতিবেশী কাশেমের ছেলে উসমান (৩২) ওই নারীকে জোরপুর্বক যৌন নিপীড়নের চেষ্টা চালাই।

এসময় নিজেকে রক্ষা করতে ওই নারী চিৎকার করে এবং নিজেকে ছাড়াতে ওসমানের পিঠে হাতুড়ি দিয়ে আঘাত করলে উসমান পালিয়ে যায়। ওই নারীর চিৎকারে তার বৃদ্ধা শাশূড়ি ছুটে এসে তার পত্র বধুকে রক্ষা করে। পরে তার স্বামী বাড়িতে আসলে ঘটনাটি জানায়।

এবিষয়ে উসমানের পরিবকারকে বিষয়টি জানালে উল্টো ভাংড়ি ব্যাবাসয়ীর ওপর ক্ষিপ্ত হয় এবং বড় ধরনের ক্ষতি করার হুমকি দেয়। সোমবার সকালে ওই নারী ও তার শাশুড়ি গাংনী থানায় হাজির হয়ে একটি লিখিত অভিযোগ দায়ের করেন।

অভিযোগকারি ওই নারী জানান, এর আগেও বেশ কয়েকদিন ধরে আমাকে জোর করে শ্লীলতাহানীর চেষ্টা করে। আমার তিনটি মেয়ে রয়েছে। দুটি মেয়ের বিয়ে দিয়ে স্বামীর সংসার করছে। মান সম্মানের ভয়ে কিছু বলিনি।

নাম প্রকাশে গোপনীয়তা বজায় রাখার শর্তে স্থানীয়রা জানান, উসমান এলাকার একজন চিহ্নিত মাদক সেবী। সে সব সময় গাঁজা ও ফেন্সিডিলে আসক্ত থাকে। তার সাথে বিভিন্ন এলাকার মাদক ব্যাবসায়ীদের যোগাযোগ আছে, যার কারনে তার ভয়ে এলাকার কেউ মুখ খুলতে সাহস

পাইনা। উসমানের ভয়ে অনেকেই অতংকিত হয়ে থাকে বলে জানান স্থানীয় এক ভ্যানচালক।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, এবিষয়ে একটি লিখিত অভিযোগ করেছে ওই নারী। তবে বিষয়টি তদন্ত করে আইনগত ব্যবস্থা নেয়া হবে।